



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



নম্বর: ৩৭.০১.০০০০.১৩১.৪১.০২০.২০.২৭২

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৯

০৯ মে ২০২২

প্রাপক:

রেজিস্ট্রার

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, কুমিরা, সীতাকুণ্ড, চট্টগ্রাম-৪৩১৮

বিষয়: **MA in Science of Hadit & Islamic Studies** প্রোগ্রামের কারিকুলাম অনুমোদন প্রসঙ্গে।

জনাব,

বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ২৪(৩) ধারা মোতাবেক আপনার বিশ্ববিদ্যালয়ের Faculty of Shariah and Islamic Studies এর অধীনে MA in Science of Hadit & Islamic Studies প্রোগ্রামটি নিম্নোক্ত শর্তে পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদন প্রদান করা হলো:

- ১) ৪৪ ক্রেডিট আওয়ারস সংবলিত উক্ত প্রোগ্রামের সিলেবাস/কারিকুলামে যেকোনো ধরনের পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। কমিশন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ডিগ্রি টাইটেল-এর কোনো প্রকার পরিবর্তন করা যাবে না। প্রোগ্রামটি অবশ্যই আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, কুমিরা, সীতাকুণ্ড, চট্টগ্রাম-৪৩১৮ ঠিকানাস্থ ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোন ক্যাম্পাসে পরিচালনা করা যাবে না।
- ২) প্রোগ্রামটি Dual Semester ভিত্তিতে পরিচালনা করতে হবে। প্রোগ্রামটিতে প্রতি বছরে সর্বোচ্চ দুই সেমিস্টারে এবং প্রতিবারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোর্সে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থী কে কমিশন প্রণীত ছক অনুযায়ী একটি ইউনিক পরিচিতি নম্বর (Unique Identification Number) প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন (আইডি) নম্বর বহাল থাকবে। বিশ্ববিদ্যালয় প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন (আইডি) নম্বর উল্লেখ করতে হবে।
- ৩) প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং/ সাক্স/ শূক্র-শনি (উইকেন্ড)/ এক্সিকিউটিভ ইত্যাদি নামে পরিচালনা করা যাবে না।
- ৪) কমিশন প্রণীত ভর্তির যোগ্যতা ও নীতিমালা অনুসরণপূর্বক কমিশন অনুমোদিত স্নাতক পর্যায়ে কোন প্রোগ্রামে/কোর্সে শিক্ষার্থী ভর্তি করা যাবে।
- ৫) জিইডি (GED) ডিপ্লোমাধারী শিক্ষার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।
- ৬) প্রোগ্রামটিতে ন্যূনতম স্নাতক পাশকৃত শিক্ষার্থী ব্যতীত কোনো শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

৭) কোন সেমিস্টারের একটি সেকশনে ৩৫ জনের বেশি শিক্ষার্থীকে একত্রে ক্লাস করানো যাবে না। ৩৫ জনের বেশি শিক্ষার্থী থাকলে সেক্ষেত্রে একাধিক সেকশনে বিভক্ত করতে হবে।

৮) প্রোগ্রামটি পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। পূর্ণকালীন কোনো শিক্ষক কে কোনোক্রমে ০৪ (চার) টির বেশি কোর্স দেয়া যাবে না। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক কে খন্ডকালীন হিসেবে নিয়োগ দেয়ার ক্ষেত্রে ইউজিসি প্রণীত নীতিমালা/ নির্দেশিকা অনুসরণ করতে হবে। শিক্ষকদের ০৪ (চার) টি ধাপ (প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক) অনুসরণ করতে হবে এবং কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালার ব্যাত্যয় ঘটিয়ে কোনো শিক্ষককে নিয়োগ/ পদোন্নতি দেয়া যাবে না।

৯) বর্ণিত প্রোগ্রামে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে। তবে বিশ্ববিদ্যালয়ের র্‌যাংকিং এর স্বার্থে বিদেশী শিক্ষক নিয়োগকে উৎসাহ প্রদান করা হচ্ছে।

১০) কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন গ্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে।

১১) লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং প্রতি বছর নতুন সংস্করণ আসলে তা লাইব্রেরিতে সংগ্রহ করতে হবে। এছাড়াও ইউজিসি ডিজিটাল লাইব্রেরির (ইউডিএল) সদস্য হতে হবে (ইতোমধ্যে হয়ে থাকলে আর প্রয়োজন হবে না)।

১২) অনুমোদিত সিলেবাস/কারিকুলামটি (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে।

১৩) প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনসহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট বিভাগের ওয়েব পেইজে সার্বক্ষণিক প্রকাশ করতে হবে।

১৪) প্রোগ্রামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে এবং এর সিলেবাস/ কারিকুলাম পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লিখিত মেয়াদ শেষ হওয়ার ০৬(ছয়) মাস পূর্বেই সিলেবাস/কারিকুলামটি পুনরায় আপডেট করে অনুমোদনের জন্য কমিশনে প্রেরণ করতে হবে।

১৫) উপরোক্ত শর্তাদির যে কোনটির ব্যাত্যয় হলে কমিশন উক্ত সময়ের পূর্বে প্রোগ্রামটির অনুমোদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



৯-৫-২০২২

মোঃ ওমর ফারুখ

পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) উপাচার্য, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, কুমিরা, সীতাকুণ্ড, চট্টগ্রাম-৪৩১৮
- ২) পরিচালক (ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ) (অতিরিক্ত দায়িত্ব), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ওয়েবসাইটে তথ্য update করার ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৩) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)।
- ৭) কম্পিউটার অপারেটর, বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



৯-৫-২০২২

মোঃ শরিফুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক